

আমাদের অর্জন সমূহঃ

উপজেলা সমবায় কার্য লয় কালীগঞ্জ, ঝিনাইদহ এর বিগত ০৩ বছরের অর্জিত সাফল্যঃ

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তিতে প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্য লয় কালীগঞ্জ, ঝিনাইদহ এর বিগত ০৩ বছরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্ম কর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিনত করতে ও এর গুনগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবামুখী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পন্য উৎপাদন ও বাজারজাত করণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থবছরে মোট ৩৮টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে। ৭৬০জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। ২০১৭-২০১৮ সনে ৪৮টি ২০১৮-২০১৯ সনে ১২২টি ২০১৯-২০২০ সনে ২২০টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ১৫০জন সমবায়ীকে ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ১৩০জনের আত্ম-কর্ম সংস্থানের ব্যবস্থা করা হয়েছে।